



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
www.feni.gov.bd

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

স্মারক নং- ০৫.২০.৩০০০.০০২.০৯.০০১.২৪- ০৩

তারিখঃ ১৫ বৈশাখ ১৪৩১
২৮ এপ্রিল ২০২৪


অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে ৪র্থ ধাপের (ফেনী জেলাধীন ছাগলনাইয়া উপজেলা পরিষদ) তফসিল ঘোষণা করা হয়েছে। ঘোষিত তফসিল অনুযায়ী চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে অনলাইনে মনোনয়নপত্র দাখিল বাধ্যতামূলক করা হয়েছে। আগামী ০৫ জুন ২০২৪ তারিখ ৪র্থ ধাপের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে এবং অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ০৯ মে ২০২৪।

২। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে (<https://onss.ecs.gov.bd>) প্রবেশ করে প্রয়োজনীয় খাপ অনুসরণ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

৩। অনলাইন ব্যতিত কোন ভাবেই মনোনয়নপত্র দাখিল করা যাবে না। তাই কারিগরি ও পদ্ধতিগত সুবিধার্থে মনোনয়নপত্র দাখিলের শেষ দিনের অপেক্ষা না করে পূর্বেই অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য সংশ্লিষ্ট প্রার্থীদের অনুরোধ জানানো যাচ্ছে।

৪। নির্বাচন কমিশন সচিবালয়ের ২৭ মার্চ ২০২৪ তারিখের ১৪২ সংখ্যক স্মারকে জারিকৃত পরিপত্র-২ এর এর আলোকে উক্ত গণবিজ্ঞপ্তি জারি করা হলো।


(অভিষেক দাশ) ২৪/৪/২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

ফোনঃ ০২৩৩৪৪-৭৫০০৫

ই-মেইল:adcgfeni@gmail.com

স্মারক নং- ০৫.২০.৩০০০.০০২.০৯.০০১.২৪- ০৩

তারিখঃ ১৫ বৈশাখ ১৪৩১
২৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৩। জেলা প্রশাসক, ফেনী ও আপিল কর্তৃপক্ষ
- ০৪। পুলিশ সুপার, ফেনী
- ০৫। জেলা নির্বাচন অফিসার, ফেনী
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, ছাগলনাইয়া, ফেনী ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তি জনগুরুত্বপূর্ণ স্থানসমূহে টাঙিয়ে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৭। জেলা তথ্য অফিসার, ফেনী (উল্লিখিত নির্বাচনি এলাকায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
- ০৮। উপজেলা নির্বাচন অফিসার, ছাগলনাইয়া, ফেনী
- ০৯। অফিসার ইনচার্জ, ছাগলনাইয়া, ফেনী।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ফেনী।
- ১১। নোটিশ বোর্ড।


(অভিষেক দাশ) ২৪/৪/২৪.
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪